

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪১০৬

৬৪/ মাগাযী [युक्त] (کتاب المغازی)

পরিচ্ছেদঃ ৬৪/৩০, খন্দকের যুদ্ধ। এ যুদ্ধকে আহ্যাবের যুদ্ধও বলা হয়।

بَابِ غَزْوَةِ الْخَنْدَقِ وَهِيَ الْأَحْزَابُ

আরবী

أَحْمَدُ بْنُ عُثْمَانَ حَدَّتَنَا شُرَيْحُ بْنُ مَسْلَمَةَ قَالَ حَدَّتَنِيْ إِبْرَاهِيْمُ بْنُ يُوْسُفَ قَالَ حَدَّتَنِيْ أَبِيْ عَنْ أَبِيْ إِسْحَاقَ قَالَ سَمِعْتُ الْبَرَاءَ بْنَ عَازِبٍ يُحَدِّثُ قَالَ لَمَّا كَانَ يَوْمُ الْأَحْزَابِ وَخَنْدَقَ عَنْ أَبِيْ إِسْحَاقَ قَالَ سَمِعْتُ الْبَرَاءَ بْنَ عَازِبٍ يُحَدِّثُ قَالَ لَمَّا كَانَ يَوْمُ الْأَحْزَابِ وَخَنْدَقَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم رَأَيْتُهُ يَنْقُلُ مِنْ تُرَابِ الْخَنْدَقِ حَتَّى وَارَى عَنِيْ الْغُبَارُ جِلْدَةَ بَطْنِهِ وَكَانَ كَثِيْرَ الشَّعَرِ فَسَمِعْتُهُ يَرْتَجِزُ بِكَلِمَاتِ ابْنِ رَوَاحَةً وَهُوَ يَنْقُلُ مِنْ التُّرَابِ يَقُوْلُ:

عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهِ عَلَيْهُ مَنْ التَّوْلِ اللهِ عَلَى اللهُ عَلَيْهِ وَكَانَ كَثِيْرَ الشَّعَرِ فَسَمِعْتُهُ يَرْتَجِزُ بِكَلِمَاتِ ابْنِ رَوَاحَةً وَهُوَ يَنْقُلُ مِنْ التُّرَابِ يَقُوْلُ:

اللهُمَّ لَوْلَا أَنْتَ مَا اهْتَدَيْنَا وَلَا تَصَدَّقْنَا وَلَا صَلَيْنَا فَلَا صَلَيْنَا فَأَنْزِلَنْ سَكِيْنَةً عَلَيْنَا وَتَبِّتِ الْأَقْدَامَ إِنْ لَاقَيْنَا إِنَّ الْأَلْى قَدْ بَغَوْا عَلَيْنَا إِذَا أَرَادُوْا فِتْنَةً أَبَيْنَا إِنَّ الْأَلْى قَدْ بَغَوْا عَلَيْنَا إِذَا أَرَادُوْا فِتْنَةً أَبَيْنَا قَالَ ثُمَّ يَمُدُّ صَوْتَهُ بِآخِرِهَا.

বাংলা

8১০৬. বারাআ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আহ্যাব (খন্দক) যুদ্ধের সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম পরিখা খনন করেছেন। আমি তাঁকে খন্দকের মাটি বহন করতে দেখেছি। এমনকি ধূলাবালি পড়ার কারণে তার পেটের চামড়া ঢেকে গিয়েছিল। তিনি অধিকতর পশম বিশিষ্ট ছিলেন। সে সময় আমি নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-কে মাটি বহন রত অবস্থায় ইবনু রাওয়াহার কবিতা আবৃত্তি করে শুনেছি। তিনি বলছিলেনঃ

হে আল্লাহ! আপনি যদি হিদায়াত না করতেন তাহলে আমরা হিদায়াত পেতাম না,

আমরা সাদাকা করতাম না এবং আমরা সালাতও আদায় করতাম না।

সুতরাং আমাদের প্রতি আপনার শান্তি অবতীর্ণ করুন,



এবং দুশমনের সম্মুখীন হওয়ার সময় আমাদেরকে দৃঢ়পদ রাখুন।

অবশ্য মক্কাবাসীরাই আমাদের প্রতি বাড়াবাড়ি করেছে,

তারা ফিতনা বিস্তার করতে চাইলে আমরা তা প্রত্যাখ্যান করেছি।

বর্ণনাকারী (বারাআ) বলেন, শেষের কথাগুলি তিনি টেনে আবৃত্তি করছিলেন। [২৮৩৬] (আধুনিক প্রকাশনীঃ ৩৮০০, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৮০৩)

English

Narrated Al-Bara:

When it was the day of Al-Ahzab (i.e. the clans) and Allah's Messenger () dug the trench, I saw him carrying earth out of the trench till dust made the skin of his `Abdomen out of my sight and he was a hairy man. I heard him reciting the poetic verses composed by Ibn Rawaha while he was carrying the earth, "O Allah! Without You we would not have been guided, nor would we have given in charity, nor would we have prayed. So, (O Allah), please send Sakina (i.e. calmness) upon us and make our feet firm if we meet the enemy, as they have rebelled against us. And if they intend affliction (i.e. want to frighten us, and fight against us) then we would not (flee but withstand them)." The Prophet () would then prolong his voice at the last words.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন